

মেরিন ফিশারিজ

একাডেমির গ্র্যাজুয়েশন

ডিগ্রি পেল ৮৪ জন

সংবাদ : অর্থনৈতিক বার্তা পরিবেশক
। ঢাকা, মঙ্গলবার, ২০ মার্চ ২০১৮

চট্টগ্রাম মেরিন ফিশারিজ একাডেমিতে এবছুর মোট ৮৪ জন ক্যাডেট প্রশিক্ষণ শেষে গ্র্যাজুয়েশন ডিগ্রি অর্জন করেছে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া মেরিন ফিশারিজ একাডেমি হতে নটিক্যাল সায়েন্স, মেরিন ইঞ্জিনিয়ারিং এবং মেরিন ফিশারিজ বিভাগ হতে ৩৬তম ব্যাচে মোট ৮৪ জন ক্যাডেট প্রশিক্ষণ শেষে গ্র্যাজুয়েশন ডিগ্রি অর্জন করেছে। এরমধ্যে পুরুষ ৭৫ জন এবং মহিলা ৯ জন। ৩৬তম ব্যাচের সব বিভাগের ক্যাডেটদের মধ্যে সেরা ও চৌকশ ক্যাডেট নির্বাচিত হয়ে নটিক্যাল বিভাগ হতে মো. মোজাম্বেল হক এবং মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগ হতে ইভা শীল গোল্ডমেডেল অর্জন করেছেন। প্রচাড়া নটিক্যাল বিভাগের ক্যাডেট রাসেল ঠাকুর, মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগের মো. মাঝনুদীন লাভলু এবং মেরিন ফিশারিজ বিভাগের ক্যাডেট মো. এনামুল হক সেরা-মেধাবী ক্যাডেট নির্বাচিত হয়ে সিলভার মেডেল অর্জন করেন। উল্লেখ্য, স্বাধীনতাত্ত্বের ১৯৭৩ সালে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নির্দেশনায় তৎকালীন মন্ত্রী আবদুর রব সেরনিয়াবাত এর

তত্ত্বাবধানে 'মোরন ফশারজ
একাডেমি' প্রতিষ্ঠালাভ করে।